



## ইসলামী বিশ্ববিদ্যালয়ের সার্বিক মান উন্নয়নের পদক্ষেপ গ্রহণ

ইসলামী বিশ্ববিদ্যালয় সংবাদদাতা : ইসলামী বিশ্ববিদ্যালয়ের নবনিযুক্ত ডাইস চ্যান্সেলর প্রফেসর মুস্তাফিজুর রহমান বিশ্ববিদ্যালয়ের একাডেমিক মান উন্নয়ন, সেশনজট নিরসনসহ বিশ্ববিদ্যালয়ের সার্বিক মান উন্নয়নের মাধ্যমে আন্তর্জাতিক বিশ্ববিদ্যালয়ে রূপান্তরিত করার লক্ষ্যে ব্যাপক পদক্ষেপ গ্রহণ করেছেন। এই পদক্ষেপের অংশ হিসেবে প্রথমবারের মত বিশ্ববিদ্যালয়ে প্রথমবারের ছাত্রছাত্রীদের জন্য অনুষদভিত্তিক ওরিয়েন্টেশন প্রোগ্রামের আয়োজন করে ছাত্রছাত্রীদেরকে বিশ্ববিদ্যালয়ের সার্বিক পরিচিতি প্রদান, বিশ্ববিদ্যালয়ে পড়ার গুরুত্ব, লেখাপড়ার প্রতি মনোযোগী হওয়ার উপদেশ এবং ক্যাম্পাসে সঙ্গী কার্যকলাপের কুফল ও এর থেকে বিরত থাকার আহ্বান জানান। তিনি সেশনজট নিরসনের জন্য শিক্ষকদের দায়িত্ব যথাযথভাবে পালনের নির্দেশ প্রদান করেছেন। এক্ষেত্রে তিনি একাডেমিক ক্যালেন্ডার প্রণয়ন ও বাস্তবায়নের সিদ্ধান্ত নিয়েছেন বলে জানা গেছে। তিনি শিক্ষকদের দায়িত্ব ও শিক্ষাদান পদ্ধতি স্বচক্ষে পর্যবেক্ষণের জন্য ঘোষণা মোতাবেক ইতোমধ্যে বিভিন্ন বিভাগে ছাত্র সেজে আকস্মিক ক্লাস পরিদর্শন করেন।